শান্তি শৃঙ্খলা উন্নয়ন নিরাপত্তায় সর্বত্র আমরা

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী

সিটিজেন চার্টার

ভিশন: "শান্তি শৃঙ্খলা উন্নয়ন নিরাপত্তায় সর্বত্র আমরা" এই মূলমন্ত্রকে ধারণ করে বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী দেশের শান্তি, শৃঙ্খলা ও জননিরাপত্তা বিধানের পাশাপাশি প্রশিক্ষণের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃষ্টি, বেকারত্ব হ্রাস, গ্রামীণ কুসংস্কার ও সামাজিক অবক্ষয় প্রতিরোধের মাধ্যমে সুখী সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ গড়ে তোলা।

মিশন: তৃণমুল পর্যায়ে নাগরিকদের প্রশিক্ষণের মাধ্যমে যোগ্য ও আত্ম-নির্ভরশীল করে দেশের আর্থ-সামাজিক উন্নয়ন নিশ্চিত করার মাধ্যমে উন্নত বাংলাদেশ বিনির্মাণে সহযোগিতা করা।

সেবার নাম

মৌলিক, কারিগরি ও পেশাভিত্তিক প্রশিক্ষণ

১. গ্রাম ভিত্তিক (অস্ত্রবিহীন) ভিডিপি মৌলিক প্রশিক্ষণ
২. জেলা ভিত্তিক (অস্ত্রসহ) ভিডিপি মৌলিক প্রশিক্ষণ
৩. সাধারণ আনসার প্রশিক্ষণ
৪. ইউনিয়ন/ওয়ার্ড দলনেতা/দলনেত্রী প্রশিক্ষণ
৫. ইউনিটে আনসার কমান্ডার/সহকারি আনসার কমান্ডার প্রশিক্ষণ
৬. শারদীয় দুর্গাপুজা ও জাতীয় নির্বাচন সহ অন্যান্য নির্বাচনে আনসার ভিডিপি সদস্য মোতায়েন।
৭. দুর্যোগ ব্যবস্থাপনা প্রশিক্ষণ
৮. স্বল্প পানিতে মুক্তা চাষ প্রশিক্ষণ
৯. বেসিক কম্পিউটার প্রশিক্ষণ
১০. মোটর ড্রাইভিং ও মেকানিক্স
১১. রেফ্রিজারেটর এন্ড এয়ার কন্ডিশন প্রশিক্ষণ
১২. ইলেকট্রিক্যাল এন্ড হাউজ ওয়্যারিং প্রশিক্ষণ
১৩. ওয়েলডিং ৪জি প্রশিক্ষণ
১৪. প্লাম্বিং এন্ড পাইপ ফিটিং প্রশিক্ষণ
১৫. মেসনারি এন্ড রড বাইন্ডিং প্রশিক্ষণ
১৬. টাইলস সেটিং প্রশিক্ষণ
১৭. কনস্ট্রাকশন পেইন্টিং প্রশিক্ষণ
১৮. সেলাই ও ফ্যাশন ডিজাইন প্রশিক্ষণ
১৯. সোয়েটার মেশিন অপারেটিং প্রশিক্ষণ
২০. ওভেন মেশিন অপারেটিং প্রশিক্ষণ
২১. অটোমেকানিক্স প্রশিক্ষণ

সেবা প্রদানের পদ্ধতি

আর্থিক বছরের শুরুতে প্রশিক্ষণ নির্দেশিকা অনুযায়ী উপজেলা হতে প্রাথমিকভাবে বাছাইকৃত প্রশিক্ষণার্থীদের জেলা কার্যালয়ে প্রেরণ করা হয়। জেলা কমান্ড্যান্ট মহোদয় প্রাপ্ত তালিকা যাচাই বাছাই করে চূড়ান্ত তালিকা প্রণয়ন করেন ও প্রশিক্ষণার্থীদের জেলা পর্যায়ে বা বাহিনী কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ কেন্দ্রে প্রেরণ করে সম্পূর্ণ সরকারী খরচে প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করেন ও সফল ভাবে প্রশিক্ষণ সমাপ্তকারীদের সনদপত্র বিতরণ করে থাকেন।

বয়স : ১৮-৩০ বছর।

সাধারণ আনসার প্রশিক্ষণের ক্ষেত্রে ১৮-৩০ বছর

উচ্চতা : পুরুষ ৫'-৬" মহিলা ৫-২"

অন্যান্য প্রশিক্ষণের ক্ষেত্রে

পুরুষ ৫'- ৪" মহিলা ৫'- ২"

বুকের মাপ-৭৫ সেঃ মিঃ হতে ৮০ সেঃ মিঃ

অর্থাৎ ৩০"-৩২" দৃষ্টিশক্তি-৬/৬

শিক্ষাগত যোগ্যতাঃ

* ন্যূনতম এসএসসি (সাধারণ আনসার, বেসিক কম্পিউটার)
* ৮ম শ্রেণী (অন্যান্য প্রশিক্ষণের ক্ষেত্রে)
* অন্যান্য যোগ্যতা : (প্রযোজ্য ক্ষেত্রে)
* ভিডিপি মৌলিক প্রশিক্ষণ থাকতে হবে।
* জাতীয় পরিচয়পত্র থাকতে হবে।
* বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
* স্বেচ্ছা সেবায় আগ্রহী হতে হবে।
* ভিডিপি মৌলিক প্রশিক্ষণ ব্যতিত অন্যান্য সকল প্রশিক্ষণের ক্ষেত্রে ভিডিপি মৌলিক প্রশিক্ষণ থাকতে হবে।
* শারদীয় দুর্গাপুজা ও জাতীয় নির্বাচন সহ অন্যান্য নির্বাচনে মোতায়েনের ক্ষেত্রে আনসার ভিডিপি সদস্য হতে হবে।
* শারীরিক ও মানসিকভাবে সক্ষম হতে হবে।
* পুলিশ ভেরিফিকেশনে কোন প্রকার বিরুপ মন্তব্য থাকবে না।

সেবা প্রদানের সর্বোচ্চ সময়

প্রশিক্ষণ নির্দেশিকা মোতাবেক।

প্রয়োজনীয় কাগজপত্র

* জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।
* শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি।
* নাগরিকত্ব সনদপত্রের ফটোকপি।
* প্রযোজ্য ক্ষেত্রে ভিডিপি মৌলিক প্রশিক্ষণ সনদের ফটোকপি।

প্রসেসিং ফিঃ নেই

তথ্য প্রদান ও সেবা

আবেদনের ভিত্তিতে তথ্য প্রদান সেবা প্রদানের পদ্ধতি :

১. তথ্য চেয়ে নির্ধারিত ফরমে উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বরাবর আবেদন দাখিল
২. আবেদন প্রাপ্তির পর যাচাই
৩. তথ্য প্রদান অথবা তথ্য প্রদান সম্ভব না হলে যুক্তিসহ জানানো প্রদান।
৪. তথ্য পেতে বিলম্ব হলে জেলা কমান্ড্যান্ট মহোদয় বরাবর লিখিত আবেদন।

প্রসেসিং ফিঃ নেই

অন্যান্য সেবা সমূহঃ

১. জননিরাপত্তামূলক কাজে সরকার ও সরকারের অধীন প্রতিষ্ঠান সমূহকে সহায়তা প্রদান
২. নির্বাচন ও দুর্গাপুজাসহ জাতীয় অনুষ্ঠানে শান্তি শৃঙ্খলা রক্ষায় জনবল মোতায়েন করা
৩. জাতীয় দুর্যোগ মোকাবেলা কার্যক্রমে জনবল মোতায়েন করা
৪. আইন শৃঙ্খলা রক্ষায় স্থানীয় প্রশাসনকে সহযোগিতা প্রদান
৫. আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংকের মাধ্যমে সদস্য-সদস্যাদের ঋণ প্রাপ্তিতে সহায়তা প্রদান।

আনসার ভিডিপি সদস্য-সদস্যাদের প্রাপ্য সুবিধাঃ

১. ভিডিপি মৌলিক প্রশিক্ষণ প্রাপ্ত সদস্য-সদস্যারা সরকারী চাকুরীর ক্ষেত্রে ১০% কোটা সুবিধা প্রাপ্ত হবেন।
২. কর্তব্যরত আনসার সদস্য/সদস্যা মারা গেলে এককালীন ৫,০০,০০০/-টাকা এবং আহত হলে এককালীন ১,০০,০০০/- টাকা অনুদান পাবেন।
৩. কর্মরত অবস্থায় ভাতাভোগী দলনেতা/দলনেত্রী, আনসার কমান্ডার/সহকারি আনসার কমান্ডার মৃত্যুবরণ করিলে দাফন-কাফন বাবদ ২৫,০০০/- অর্থিক অনুদান প্রদান।
৪. সদস্য-সদস্যাগণ অসুস্থ হলে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা।
৫. কৃতি শিক্ষার্থীদের লেখাপড়ার জন্য প্রযোজ্য ক্ষেত্রে অনুদান প্রদান।
৬. দৃষ্টান্তমূলক আইন-শৃঙ্খলা রক্ষা, আর্থ-সামাজিক উন্নয়নে কৃতিত্বপূর্ণ অবদানের ক্ষেত্রে বাংলাদেশ আনসার পদক, বাংলাদেশ গ্রাম প্রতিরক্ষা দল পদক, রাষ্ট্রপতি আনসার পদক, রাষ্ট্রপতি গ্রাম প্রতিরক্ষা দল পদক এবং এককালীন অর্থ পুরস্কার ও মাসিক ভাতা প্রদান করা হয়।

সেবা প্রদান সংক্রান্ত কোন অভিযোগ থাকলে উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বরাবর লিখিত অভিযোগ করুন। এখানে থেকে কোন প্রকার প্রতিকার না পেলে জেলা কমান্ড্যান্ট মহোদয় বরাবর লিখিত অভিযোগ প্রদান করুন।

তথ্য প্রদানকারী: উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, বারহাট্টা, নেত্রকোণা।

E-mail: ansarvdp.barhatta.netrokona.gov.bd@gmail.com

বিস্তারিত জানতে ভিজিট করুন: http://ansarvdp.barhatta.netrokona.gov.bd

উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়, বারহাট্টা, নেত্রকোণা।